

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
এইচআর-২ শাখা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

নং- ৪৫.১৯১.১৩২.০০.০০.০১৩.২০১৯-৬১৯

তারিখঃ ৩০.০৬.২০২০ খ্রিঃ।

বিষয়ঃ লিয়েনে থাকাকালীন সরকারি যাবতীয় পাওনা সরকারি কোষাগারে জমা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ডাঃ মোঃ রাহাত বিন হাবিব, কে ড-১০১৬৬৮৩, প্রাক্তন: জুনিয়র কনসালটেন্ট (শিশু), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, টুংগিপাড়া, গোপালগঞ্জকে মন্ত্রণালয়ের ০১.০৭.২০১৯ তারিখের ৪৫.১৪৬.১৩২.০০.০০.০১৩.২০১৯-১৩১১ নং স্মারকে Indira Gandhi Memorial Hospital, Male' Republic of Maldives-এ Child Specialist (Grade-1) পদে চাকুরী করার জন্য ০১ (এক) বছরের লিয়েন মঞ্জুর করা হয়। তিনি উক্ত পদে যোগদানের জন্য ০৩.০৭.২০১৯ তারিখে ছাড়পত্র গ্রহণ করে ৩০.০৫.২০২০ তারিখ পর্যন্ত লিয়েন ভোগ করে মঞ্জুরকৃত লিয়েনের মেয়াদ শেষ হওয়ার আগেই ৩১.০৫.২০২০ তারিখে মন্ত্রণালয়ে যোগদানপত্র দাখিল করেন। তার যোগদানপত্র গ্রহণক্রমে পদায়নের জন্য তাকে পার-৩ অধিশাখায় ন্যস্ত করা হয়। কিন্তু তিনি আবেদনের সাথে লিয়েনে থাকাকালীন সরকারি যাবতীয় পাওনা (যেমন-সাধারণ ভবিষ্য তহবিল চাঁদা, যৌথবীমা, কল্যাণ তহবিল, লীভ স্যালারি কন্ট্রিবিউশন, পেনশন কন্ট্রিবিউশন) সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে কিনা সে সংক্রান্ত তথ্যাদি দাখিল করেননি। ফলে তার পদায়নের বিষয়ে জটিলতা দেখা দিয়েছে।

২। এমতাবস্থায়, লিয়েনে থাকাকালীন সরকারি যাবতীয় পাওনা (যেমন-সাধারণ ভবিষ্য তহবিল চাঁদা, যৌথবীমা, কল্যাণ তহবিল, লীভ স্যালারি কন্ট্রিবিউশন, পেনশন কন্ট্রিবিউশন) সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে কিনা সে সংক্রান্ত তথ্যাদি জরুরী ভিত্তিতে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্বাঃ

(মোঃ আবদুল মান্নান)  
সহকারী সচিব  
ফোন: ৯৫৪৫১৪১

ডাঃ মোঃ রাহাত বিন হাবিব  
কে ড-১০১৬৬৮৩  
প্রাক্তন: জুনিয়র কনসালটেন্ট (শিশু)  
বর্তমানে- পদায়নের জন্য পার-৩ অধিশাখায় ন্যস্তকৃত।

নং- ৪৫.১৯১.১৩২.০০.০০.০১৩.২০১৯-৬১৯/১(৪)

তারিখঃ ৩০.০৬.২০২০ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
(মোঃ আবদুল মান্নান)  
সহকারী সচিব